

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ইনোভেশন টিমের
২য় সভার কার্যবিবরণী।**


সভাপতিঃ জনাব মোঃ লাল হোসেন, সচিব, বিপিসি।
সভার তারিখঃ ১৭/০৯/২০২০
সভার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা
স্থানঃ অনলাইন ভিডিও সিস্টেম, ZOOM অ্যাপস।
উপস্থিতিঃ অনলাইন।

সভার প্রারম্ভে সভাপতি ইনোভেশন টিমের সংশ্লিষ্ট সবাইকে এই কোভিডকালীন সময়ে অনলাইনে সংযুক্ত হবার জন্য স্বাগত জানান। সভাপতি দেশের চলমান কোভিড পরিস্থিতির উন্নতি কামনা করেন এবং রাষ্ট্রীয় অতিগুরুত্বপূর্ণ খাত হিসেবে জ্বালানি খাতকে দুর্যোগকালীন সময়ে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সচল রাখায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাপতিকে অবগত করেন যে, ইতোমধ্যে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রীপরিষদ বিভাগে তা প্রেরণ করা হয়েছে। কমিটির সদস্যবৃন্দ কর্মপরিকল্পনার সুচকসমূহ বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

১. কমিটি কর্তৃক কর্পোরেশনের প্রতিটি শাখা/বিভাগ হতে উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ করা হবে।
২. বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা নিয়মিত হালনাগাদ করে সংস্থার তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।
৩. উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ০৫ লক্ষ টাকা বরাদ্দ নিশ্চিত করার জন্য সংস্থার হিসাব বিভাগের সাথে সমন্বয় করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ লাল হোসেন)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩